দৈনিক বাংলা

তারিখ ২০।৯।৮১
পৃষ্ঠা ........ কলাম ........

০৫০

"সততাই সর্ব্বোৎকৃষ্ট পথ"

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দফতর
খুলনা ইঞ্জিনীয়ারিং কলেজ,
খুলনা।

স্মারক সংখ্যা: ১২৪৪ তারিখ: ৭-৯-৮১

# বিজ্ঞপ্তি

খুলনা ইঞ্জিনীয়ারিং কলেজে ১৯৮০-৮১ শিক্ষাবর্ষে ছাত্র ভর্তির উদ্দেশ্যে পূর্বে প্রচারিত বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে দেশের সকল বিভাগের অন্ত-র্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান হইতে এইচএসসি পরীক্ষায় ন্যূনপক্ষে ৫৭৫ নম্বর (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত যোগ্য প্রার্থিগণ ভর্তি পরীক্ষায় অংশ-গ্রহণ করিতে পারিবে। তবে, বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ নং এস-১১/৪-সি-৩০/৮১-পার্ট ৪৭৭/১(২) শিক্ষা তাং ১৯-৮-৮১-এর পরিপ্রেক্ষিতে কেবলমাত্র খুলনা বিভাগের অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য শতকরা ৫০টি আসনে ছাত্র ভর্তির উদ্দেশ্যে উক্ত বিভাগের অন্তর্ভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান হইতে উত্তীর্ণ যোগ্য প্রার্থীদের সকলেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

ভর্তি পরীক্ষা আগামী ৩০শে সেপ্টেম্বর, ১৯৮১ ইং তারিখ সকাল ৯-০০ ঘটিকায় অত্র কলেজে অনুষ্ঠিত হইবে।

(আ কা আজাদ)
অধ্যক্ষ,
খুলনা ইঞ্জিনীয়ারিং কলেজ,
খুলনা।

জি—২২৮৩